Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

Daily Observer

Dhaka University VC Professor Dr A B M Obaidul addresses a workshop titled 'Academic Development Plan for Dhaka University ' at the Nawab Nawab Ali Chowdhury Senate Building on Thursday. PHOTO: OBSERVER

DU starts coastal monitoring project with China

Staff Correspondent

A day-long seminar was held at Dhaka University on Tuesday to mark the inauguration of modern ocean monitoring and environmental modelling activities in Bangladesh's coastal waters under a joint initiative of the Dhaka University International Centre for Ocean Governance (ICOG-DU) and China's First Institute of Oceanography (FIO).

The seminar was organised under the HEAT ATF Sub-Project 13025 and inaugurated by Dhaka University Vice-Chancellor Professor Dr A B M Obaidul Islam as the chief guest.

Speaking at the event, Dr Obaidul Islam highlighted the importance of international cooperation in oceanography, coastal environment monitoring and climate resilience. He said ongoing scientific collaboration between Bangladesh and China has opened new opportunities in marine resource management, coastal risk reduction and sustainable development.

He added that Bangladesh's economy—closely linked to the Bay of Bengal—along with coastal livelihoods, biodiversity conservation and climate resilience, depends heavily on the sustainable management of marine resources.

Dean of the Faculty of Economics and Environmental Sciences Professor Dr Md Humayun Kabir, HEAT Project International Expert Dr Tonia Astrid Capuano and FIO scientist Dr Shumin Jiang also spoke at the seminar. The welcome address was delivered by ICOG Director Professor Dr K M Azam Chowdhury.

Teachers, researchers and students from different universities across the country attended the seminar. Representatives from key national institutions, including the Ministry of Fisheries and Livestock, Bangladesh Navy and Bangladesh Space Research and Remote Sensing Organisation (SPARRSO), also took part.

Scientists from China's First Institute of Oceanography were also present at the programme.

During the event, ICOG-DU and FIO exchanged crests as a symbol of mutual cooperation and partnership.

Organisers said the joint research initiative is expected to strengthen scientific collaboration between Bangladesh and China and contribute to improved ocean observation, environmental monitoring and sustainable management of marine resources.

The closing session of the seminar was scheduled to be attended by Dhaka University Pro-Vice-Chancellor (Education) Professor Dr Abdus Salam as chief guest.

আলোকিত বাংলাদেশ

ঢাবিতে ২০ বছর মেয়াদি একাডেমিক পরিকল্পনা প্রণয়নে কর্মশালা

আলোকিত ডেস্ক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের দীর্ঘমেয়াদি উন্নয়ন, শিক্ষা ও গবেষণার উৎকর্ষ সাধন এবং আন্তর্জাতিক অঙ্গনে বিশ্ববিদ্যালয়ের অবস্থান আরও সুদৃঢ় করার লক্ষ্যে 'Academic Development Plan for Dhaka University' শীর্ষক একটি কর্মশালা গতকাল বৃহস্পতিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম কর্মশালায় সভাপতিত্ব করেন। এসময় উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মোহাম্মদ আলমোজাদ্দেদী আলফেছানী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক মো. ইসরাফিল প্রাং, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, শিক্ষকরা এবং কর্মকর্তারা। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৫ আষাঢ় ১৪৩৩ | DU in Media | 19June 2026

ইত্তেফাক

কিউএস বিশ্ব র‍্যাংকিংয়ে এবারও দেশসেরা ঢাকা বিশ্ববিদ্যালয়

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

যুক্তরাজ্যভিত্তিক বিশ্বের অন্যতম মর্যাদাপূর্ণ বিশ্ববিদ্যালয় মূল্যায়ন সংস্থা কিউএসের ২০২৭ সালের বিশ্ব র‍্যাংকিংয়ে টানা তৃতীয় বারের মতো শীর্ষ ৬০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান পেয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে এবারও সর্বোচ্চ অবস্থানে রয়েছে দেশের প্রাচীনতম এই উচ্চশিক্ষা প্রতিষ্ঠান।

বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এটি জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, কিউএস বিশ্বের ১ হাজার ৫০৪টি বিশ্ববিদ্যালয়ের ওপর এই র‍্যাংকিং তৈরি করা হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোর সামগ্রিক মান মূল্যায়নের জন্য বর্তমানে মোট ৯টি সূচক ব্যবহার করে, যার প্রতিটিতে সর্বোচ্চ স্কোর ১০০। সূচকগুলোর গড় স্কোরের ভিত্তিতে চূড়ান্ত অবস্থান নির্ধারিত হয়।

আরো বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় বিভিন্ন সূচকে উল্লেখযোগ্য অগ্রগতির প্রতিফলন ঘটিয়েছে। প্রকাশিত ফলাফলে বিশ্ববিদ্যালয়টির সামগ্রিক স্কোর ২৮.৩। একাডেমিক সুনাম (একাডেমিক রেপুটেশন) সূচকে ঢাকা বিশ্ববিদ্যালয় ২৮.৩ স্কোর অর্জন করেছে, যা দেশের উচ্চশিক্ষা ও গবেষণায় প্রতিষ্ঠানটির দীর্ঘদিনের অবদানের স্বীকৃতি বহন করে। এছাড়াও, কর্মসংস্থান ফলাফল (ইমপ্লিমেন্ট আউটকামস) সূচকে বিশ্ববিদ্যালয়টি ৯৫.০ স্কোর অর্জন করেছে, যা স্নাতকদের কর্মক্ষেত্রে উচ্চ গ্রহণযোগ্যতা ও সফলতার প্রতিফলন। একই সঙ্গে নিয়োগদাতাদের দৃষ্টিতে বিশ্ববিদ্যালয়টির সুনাম (ইমপ্লয়িয়ার রেপুটেশন) সূচকে প্রাপ্ত ৫০.৮ স্কোর চাকরিদাতাদের কাছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইতিবাচক ভাবমূর্তিকে নির্দেশ করে।

এছাড়াও বিজ্ঞপ্তিতে বলা হয়, গবেষণা ও আন্তর্জাতিকীকরণের ক্ষেত্রেও বিশ্ববিদ্যালয়টি উল্লেখযোগ্য অবস্থান ধরে রেখেছে। আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক সূচকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্কোর ৬১.১, যা আন্তর্জাতিক পর্যায়ে গবেষণা সহযোগিতা বৃদ্ধির ইঙ্গিত দেয়। টেকসই উন্নয়ন সূচকে বিশ্ববিদ্যালয়টি ৬০.৬ স্কোর অর্জন করেছে, যা পরিবেশ, সামাজিক দায়বদ্ধতা ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে এর অঙ্গীকারকে তুলে ধরে।

অন্যদিকে, সাইটেশনস পার ফ্যাকাল্টি এবং শিক্ষক-শিক্ষার্থী অনুপাত সূচকে বিশ্ববিদ্যালয়টির স্কোর যথাক্রমে ৮.০ ও ৮.০। আন্তর্জাতিক শিক্ষক অনুপাত সূচকে ২.০ এবং আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাত সূচকে ১.৪ স্কোর অর্জিত হয়েছে। এসব সূচক ভবিষ্যতে আন্তর্জাতিকীকরণ ও গবেষণা সক্ষমতা আরো জোরদারের প্রয়োজনীয়তার দিকটিও নির্দেশ করে।

Observer

QS WORLD RANKINGS

DU retains top position in BD

DU Correspondent

University of Dhaka (DU) has retained its position as the highest-ranked university in Bangladesh and remained among the world's top 600 universities for the third consecutive year, according to the QS World University Rankings 2027 released by London-based higher education analyst QS Quacquarelli Symonds.

The latest rankings assessed 1,504 universities worldwide using nine performance indicators, each scored out of 100. Dhaka University achieved an overall score of 28.3.

The university's strongest performance came in the Employment Outcomes category, where it scored 95.0, reflecting the strong employability of its graduates. DU also earned a score of 50.8 in Employer Reputation, indicating continued confidence among employers in the quality of its graduates.

In the International Research Network indicator, which measures global research collaboration, the university scored 61.1, while it received 60.6 in Sustainability, highlighting its progress in addressing environmental and social responsibility goals.

DU's Academic Reputation score stood at 28.3, reflecting its longstanding contribution to higher education and research in Bangladesh.

But, several indicators pointed to areas requiring improvement. The university scored 8.0 in both Citations per Faculty and Faculty-Student Ratio, suggesting room for growth in research impact and teaching resources. Its International Faculty Ratio and International Student Ratio were comparatively low at 2.0 and 1.4 respectively, underscoring the need to attract more international academics and students to enhance its global standing.

Financial Express

QS RANKINGS 2027

DU retains top position in BD

DU CORRESPONDENT

Dhaka University (DU) has once again emerged as the highest-ranked university in Bangladesh in the QS World University Rankings 2027: Top Global Universities.

For the third consecutive year, DU has secured a place among the world's top 600 universities, reaffirming its position as the country's leading higher education institution.

The information was shared in a press release, issued by DU Public Relations Office on Thursday.

The QS World University Rankings 2027 was published by the United Kingdom-based global higher education and research organisation Quacquarelli Symonds (QS). It evaluated 1,504 universities worldwide based on nine key performance indicators, each carrying a maximum score of 100. The overall ranking was determined by the combined performance of universities across these indicators.

In the latest ranking, DU achieved an overall score of 28.3. The university secured the same score of 28.3 in the 'academic reputation' indicator, reflecting its longstanding contribution to higher education and research.

DU demonstrated strong performance in graduate employability, achieving a score of 95.0 in the 'employment outcomes' indicator. It scored 50.8 in the 'employer reputation' category, indicating positive recognition of its graduates among employers.

The university also maintained a strong position in research and global engagement. It scored 61.1 in the 'international research network' indicator, reflecting its growing international research collaborations.

In the 'sustainability' indicator, DU achieved a score of 60.6.

armanhossen7971@gmail.com

আজকের পত্রিকা

কিউএস র‍্যাঙ্কিংয়ে ঢাবি এবারও দেশসেরা

ঢাবি প্রতিনিধি

বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষস্থান ধরে রেখেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৭-এ ঢাবিসহ মোট ১৩টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। এর মধ্যে ৮টি সরকারি, ৪টি বেসরকারি এবং ১টি আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় রয়েছে। যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডস (কিউএস) এই বৈশ্বিক র‍্যাঙ্কিং প্রকাশ করে।

বিশ্বের ১ হাজার ৫০৪টি বিশ্ববিদ্যালয়ের ওপর ভিত্তি করে এই র‍্যাঙ্কিং তৈরি করা হয়েছে। এতে ঢাকা বিশ্ববিদ্যালয় আবারও বিশ্বের সেরা ৬০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান করে নেয়। এ ছাড়াও র‍্যাঙ্কিংয়ে দ্বিতীয় হয়েছে বুয়েট ও তৃতীয় হয়েছে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়। ২০২৬ সালের র‍্যাঙ্কিংয়েও এই তিন প্রতিষ্ঠান দেশের শীর্ষ তিনে ছিল।

তালিকায় থাকা অন্য বিশ্ববিদ্যালয়গুলো হলো—ব্র্যাক বিশ্ববিদ্যালয় (৪র্থ), ড্যাফোডিল ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় (৫ম), আমেরিকান ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশ (৬ষ্ঠ), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (৭ম), চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (৮ম), ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (৯ম), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (১০ম), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (১১তম), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (১২তম) এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় (১৩তম)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক স্কোর ২৮ দশমিক ৩। বিভিন্ন সূচকে বিশ্ববিদ্যালয়টি তুলনামূলক শক্ত অবস্থান ধরে রেখেছে। কর্মসংস্থান ফল সূচকে ঢাবি ৯৫ স্কোর অর্জন করেছে, যা স্নাতকদের চাকরিক্ষেত্রে উচ্চ গ্রহণযোগ্যতার ইঙ্গিত দেয়। নিয়োগদাতাদের দৃষ্টিতে সুনাম সূচকে এর স্কোর ৫০ দশমিক ৮।

আমাদের সময়

কিউএস বিশ্ব র‍্যাংকিংয়ে আবার দেশসেরা ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাবি সংবাদদাতা ●
যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা মূল্যায়ন সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডস (কিউএস) প্রকাশিত কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিংসে ২০২৬-এ টানা তৃতীয়বারের মতো বাংলাদেশের শীর্ষ বিশ্ববিদ্যালয়ের অবস্থান ধরে রেখেছে ইউনিভার্সিটি অফ ঢাকা। একই সঙ্গে বিশ্বের সেরা ৬০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যেও স্থান পেয়েছে প্রতিষ্ঠানটি।

এবার বিশ্বের ১ হাজার ৫০৪টি বিশ্ববিদ্যালয়কে মূল্যায়ন করে র‍্যাংকিং প্রকাশ করা হয়েছে। নয়টি সূচকের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়গুলোর সামগ্রিক মান নির্ধারণ করা হয়। প্রকাশিত ফলাফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক স্কোর দাঁড়িয়েছে ২৮.৩।

বিভিন্ন সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি দেখিয়েছে বিশ্ববিদ্যালয়টি। একাডেমিক সুনাম সূচকে ২৮.৩ স্কোর অর্জন করেছে, যা দেশের উচ্চশিক্ষা ও গবেষণায় এর দীর্ঘদিনের অবদানের স্বীকৃতি হিসেবে বিবেচিত হচ্ছে।

কর্মসংস্থান ফলাফল সূচকে বিশ্ববিদ্যালয়টির স্কোর ৯৫.০, যা স্নাতকদের কর্মক্ষেত্রে উচ্চ গ্রহণযোগ্যতার প্রতিফলন। এ ছাড়া নিয়োগদাতাদের কাছে বিশ্ববিদ্যালয়ের সুনাম (এমপ্লয়মেন্ট রেপোটেশন) সূচকে ৫০.৮ স্কোর অর্জিত হয়েছে। গবেষণা ও আন্তর্জাতিক সম্পৃক্ততার ক্ষেত্রেও ইতিবাচক অবস্থান ধরে রেখেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক (ইন্টারন্যাশনাল রিসার্চ নেটওয়ার্ক) সূচকে ৬১.১ এবং টেকসই উন্নয়ন (সাসটেইনিবিলিটি) সূচকে ৬০.৬ স্কোর পেয়েছে প্রতিষ্ঠানটি।